দৈনিক বাংলা

তারিখ ... 10 AUG 1994
পৃষ্ঠা ৭ কলাম ৪

25

# নকলে সহায়তার দায়ে শিক্ষকের দু'বছর জেল

নিজস্ব সংবাদদাতা ঃ নীলফামারী, ৯ আগস্ট।–পরীক্ষার হলে অসদুপায় অবলম্বনে ছাত্রকে সহায়তা করার দায়ে সোমবার নীলফামারীর ডিমলা কলেজের একজন শিক্ষককে ভ্রাম্যমাণ আদালত দু'বছরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেছে।

ডিমলা কলেজের ডেমনেস্ট্রেটর আশফাকারুল হক জনৈক এইচএসসি পরীক্ষার্থীকে পরীক্ষার হলে নকল করায় সহায়তাকালে ভ্রাম্যমাণ আদালতের ম্যাজিস্ট্রেট আবদুল কাইয়ুম সরদার তাকে হাতেনাতে ধরে ফেলেন এবং তাৎক্ষণিক বিচারে দু'বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করেন।